

মরুর বুকে পাঁচতারকা ট্রেন ডিম অব দ্য ডেজার্ট

- A Monitor Desk Report

Date: 03 February, 2025



রিয়াদঃ মধ্যপ্রাচ্যের প্রথম পাঁচতারকা বিলাসবহুল ট্রেন চালু করতে যাচ্ছে সৌদি আরব রেলওয়ে।

ইতালির হসপিটালিটি প্রতিষ্ঠান আর্সেনালের সঙ্গে ‘ডিম অব দ্য ডেজার্ট’ নামের ট্রেনটি চালু করতে যাচ্ছে তারা। এরই মধ্যে ট্রেনটির নকশার কাজ শেষ হয়েছে। ২০২৬ সালের তৃতীয় প্রান্তিক নাগাদ এটি চালু হওয়ার কথা রয়েছে।

জানা গেছে, মরুভূমির প্রাকৃতিক সৌন্দর্য ও সৌদি আরবের ঐতিহ্যবাহী স্থাপত্য থেকে অনুপ্রাণিত হয়ে এর নকশা করা হয়েছে। ট্রেনের অভ্যন্তরে সূক্ষ্ম কারুকাজ, মেটে রঙের টোন ও বিলাসবহুল কাপড় ব্যবহার করা হয়েছে। অন্তর্ভুক্ত করা হয়েছে ট্রেনের নকশায় সৌদি ঐতিহাসিক স্থান হেগরা ও হাইলের স্থাপত্য বৈশিষ্ট্য।

ট্রেনটিতে ১৪টি বগি ও ৩৪টি বিলাসবহুল সুইট রয়েছে। এগুলো যাত্রীদের আরামদায়ক ও একান্তে ভ্রমণের অভিজ্ঞতা নিশ্চিত করবে। ট্রেনটি রিয়াদ থেকে যাত্রা করে সৌদি আরবের নর্দার্ন রেলওয়ে নেটওয়ার্ক পর্যন্ত চলাচল করবে। যাত্রাপথে সৌদি আরবের ঐতিহাসিক ও প্রাকৃতিক সৌন্দর্যের স্থানগুলো উপভোগ করতে পারবে যাত্রীরা।

ট্রেনে বিশেষ সাংস্কৃতিক কর্মসূচি অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছে সৌদি সংস্কৃতি মন্ত্রণালয়। এর মাধ্যমে যাত্রীরা সৌদি সংস্কৃতি ও ঐতিহ্য গভীরভাবে অনুভব করতে পারবেন। সৌদি পর্যটন কর্তৃপক্ষ বিশেষ ভ্রমণ পরিকল্পনা তৈরি করছে, যা ট্রেন ভ্রমণকে আরো আকর্ষণীয় করে তুলবে।

সংশ্লিষ্টরা বলছেন, এ প্রকল্প সৌদি আরবের পর্যটন ও পরিবহন খাতে বৈশ্বিক মান স্থাপন করবে। এটি শুধু বিলাসবহুল ভ্রমণের নতুন মানদণ্ড তৈরি করবে না, বরং দেশটিকে বিশ্ব পর্যটনের শীর্ষ গন্তব্যে পরিণত করবে।

